সংসদে সার, গ্যাস ও তেলের অভাব নেই, বাইরে প্রচণ্ড সংকট

মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজউদ্দীন খান বলেছেন, “আমরা যখন সংসদে কথা বলি, সেখানে সারের অভাব নেই, গ্যাসের অভাব নেই, তেলের অভাব নেই। অথচ সংসদের বাইরে এসবের প্রচণ্ড সংকট।”

গতকাল বৃহস্পতিবার বিকেল ৫টার দিকে মেহেরপুর সদর উপজেলার বারাদী ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে বাংলাদেশ জামায়াতে ইসলামীর উদ্যোগে আয়োজিত লিফলেট বিতরণ ও কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

চাকরিতে নিয়োগব্যবস্থা নিয়ে ক্ষোভ প্রকাশ করে তাজউদ্দীন খান বলেন, কোটা সংস্কারের দাবিতে তরুণেরা ‘কোটা নয়, মেধা’ স্লোগান দিয়ে আন্দোলন করেছিলেন। কিন্তু এখন আবার নিয়োগে নতুন করে কোটা চালুর প্রবণতা দেখা যাচ্ছে। যোগ্যতার পরিবর্তে দলীয় পরিচয়কে প্রাধান্য দেওয়া এবং চাকরির জন্য ২৫ লাখ টাকা পর্যন্ত লেনদেনের অভিযোগও তুলে ধরেন তিনি। তাঁর প্রশ্ন, “সেই দামাল ছেলেরা কি এসব মেনে নেবে?”

তিনি বলেন, মানুষের কথা বলার অধিকার নিশ্চিত করার কথা বলা হলেও কথা বলার কারণে আবারও গ্রেপ্তারের ঘটনা ঘটছে। আওয়ামী লীগ সরকারের আমলে প্রণীত ডিজিটাল আইন ফিরিয়ে আনার উদ্যোগ নিয়েও সমালোচনা করেন তিনি।

তাজউদ্দীন খান বলেন, বিরোধী দলের কেউ নির্বাচিত হলে তাঁরা কী করতে পারবেন, তা নিয়ে প্রশ্ন তোলা হচ্ছে। ইউনিয়ন পরিষদের বরাদ্দ প্রসঙ্গে তিনি বলেন, “ইউনিয়ন পরিষদের বরাদ্দ আলাদা করে দেওয়া হয়। কারও বাপের ক্ষমতা নেই সেই বরাদ্দ কেটে নেওয়ার।” এ সময় বিরোধী রাজনৈতিক নেতাকর্মীদের হুমকি-ধমকি দেওয়ার অভিযোগও করেন তিনি।

তিনি আরও বলেন, শুধু একজন ব্যক্তি বা একটি দলের পরিবর্তন হলেই হবে না; কেন্দ্র থেকে তৃণমূল পর্যন্ত সৎ, যোগ্য ও নীতিবান নেতৃত্ব প্রতিষ্ঠা করতে হবে। দেশের মানুষের অধিকার ও ন্যায়বিচার নিশ্চিত করতে যোগ্য নেতৃত্বের বিকল্প নেই।

বারাদী ইউনিয়ন জামায়াতের আমির ও চেয়ারম্যান পদপ্রার্থী মো.

আসাদুজ্জামানের সভাপতিত্বে সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমির অধ্যক্ষ মাহবুবুল আলম। প্রধান বক্তা ছিলেন জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হোসেন। এ ছাড়া মেহেরপুর সদর উপজেলা জামায়াতের আমির সোহেল রানাসহ ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীর বামুন্দী বাজারে গ্যাস সিলিন্ডারের দোকানে অগ্নিকাণ্ড, আতঙ্কে ব্যবসায়ীরা

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দী বাজারে অকটেন, পেট্রোল ও গ্যাস সিলিন্ডারের দোকানে অগ্নিকাণ্ডের ঘটনায় এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। জনবসতি এলাকায় দাহ্য পদার্থের অবৈধ ব্যবসা বন্ধের দাবিও উঠেছে।

জানা গেছে, বামুন্দী বাজারের জনতা ব্যাংকের নিচে অবস্থিত সামিয়া ট্রেডার্স (প্রোপাইটর আব্দুল আল হোসেন ওরফে মিঠু), যিনি যমুনা অয়েল কোম্পানি লিমিটেডের ডিলার এবং বামুন্দী বাজারের মেসার্স আছিয়া এন্টারপ্রাইজ-এর মালিক মোখলেসুর রহমানের বিরুদ্ধে জনবসতি এলাকায় খোলা বাজারে একই স্থানে অকটেন, পেট্রোল, ডিজেল ও গ্যাস সিলিন্ডার মজুত ও বিক্রির অভিযোগ উঠেছে।

আজ রবিবার সকালে সামিয়া ট্রেডার্সে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এতে বাজারের জনতা ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীসহ সাধারণ ব্যবসায়ীরা আতঙ্কিত হয়ে ছুটাছুটি শুরু করেন। খবর পেয়ে বামুন্দী ফায়ার সার্ভিসের একটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে।

স্থানীয় ব্যবসায়ীরা জানান, জনবসতি এলাকায় এ ধরনের দাহ্য পদার্থের দোকান অত্যন্ত ঝুঁকিপূর্ণ। তারা এসব দোকান অবিলম্বে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার দাবি জানান। অভিযোগ রয়েছে, ক্ষমতার প্রভাব দেখিয়ে জনবসতি এলাকায় অবৈধভাবে এসব ব্যবসা পরিচালনা করা হচ্ছে। এ

গাংনীতে মিষ্টির দোকানে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ

গাংনী উপজেলার কাজীপুর গ্রামে একটি মিষ্টির দোকানে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ ঘটে নগদ টাকা ও বিভিন্ন খাদ্যসামগ্রী পুড়ে ভস্মিভূত হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যায় কাজীপুর গোলাম বাজারের সোহেল রানার মিষ্টির দোকানে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণের এ ঘটনা ঘটে।

সোহেল রানা জানান, মিষ্টির দোকানে একটি গ্যাস সিলিন্ডার ছিলো। ধারণা করা হচ্ছে গ্যাস সিলিন্ডারটি পুরানো হয়ে যাওয়ায় এই বিস্ফোরণের ঘটনা ঘটেছে। বিস্ফোরণের পর আগুনের লেলিহান শিখায় পুরো দোকানটি পুড়ে গেছে। দোকানে থাকা নগদ টাকা ও খাদ্যসামগ্রী পুড়ে ছাই হয়ে গেছে।

এদিকে টাকা পয়সাসহ দোকানের অন্যান্য মালামাল পুড়ে যাওয়ায় দিশেহারা হয়ে পড়েছে দোকান মালিক সোহেল রানাা।

গাংনীতে আ. লীগ নেতার অবৈধ গ্যাস ব্যবসায় ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনীতে অবৈধভাবে গ্যাস ব্যবসা পরিচালনার অপরাধে স্থানীয় আওয়ামী লীগ নেতা মো. জাহাঙ্গীর আলমকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

মঙ্গলবার (৪ মার্চ) দুপুরে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ

অধিদপ্তর মেহেরপুর জেলা কার্যালয়ের পক্ষ থেকে গাংনী উপজেলার তেরাইল বাজারের মেসার্স পরশ এন্টারপ্রাইজকে এই জরিমানা করা হয়।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ মামুনুল হাসান।

তিনি জানান, ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুসারে অবৈধভাবে গ্যাস ব্যবসা পরিচালনার দায়ে মো. জাহাঙ্গীর আলমের প্রতিষ্ঠান মেসার্স পরশ এন্টারপ্রাইজকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়, যা তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।
পাশাপাশি, দ্রুততম সময়ে প্রয়োজনীয় লাইসেন্স গ্রহণ করে ব্যবসা পরিচালনার নির্দেশনা দেওয়া হয়েছে।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন কৃষি বিপণন কর্মকর্তা মো. তারিকুল ইসলাম, নিরাপদ খাদ্য কর্মকর্তা মো. রিয়াজ মাহমুদ ও জেলা পুলিশের একটি টিম।

আবারও বাড়ল গ্যাসের দাম

আবাসিক খাতে প্রাকৃতিক গ্যাসের মাসিক বিল এক চুলার ক্ষেত্রে ৯৯০ টাকা এবং দুই চুলার ক্ষেত্রে ১ হাজার ৮০ টাকা করা হয়েছে। জুলাই মাস থেকে এ দাম কার্যকর হবে।

রোববার বিকাল ৩টায় বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের (বিইআরসি) ভারপ্রাপ্ত চেয়ারম্যান মো. আবু ফারুক এ দাম ঘোষণা করেন।

এখন আবাসিক গ্রাহকদের এক চুলার জন্য ৯২৫ টাকা আর দুই চুলার জন্য ৯৭৫ টাকা মাসে বিল দিতে হয়। সে হিসাবে এক চুলার ক্ষেত্রে ৬৫ টাকা ও দুই চুলার ক্ষেত্রে ১০৫ টাকা বাড়ল।

গত ২১ মার্চ রাজধানীর বিয়াম ফাউন্ডেশন মিলনায়তনে গ্যাস বিতরণ কোম্পানিগুলোর দাম বাড়ানোর বিপরীতে গণশুনানি করে বিইআরসি।

ওই শুনানিতে গ্যাসের দাম ১১৭ শতাংশ, অর্থাৎ এক চুলা ৯২৫ থেকে বাড়িয়ে ২০০০ টাকা, দুই চুলা ৯৭৫ থেকে বাড়িয়ে ২১০০ টাকা করার প্রস্তাব করার বিপরীতে দুই চুলা ৯৭৫ থেকে বাড়িয়ে ১ হাজার ৮০ টাকা এবং এক চুলার ট্যারিফ ৯২৫ থেকে বাড়িয়ে ৯৯০ টাকায় উন্নীত করার সুপারিশ করে বিইআরসি।

দেশের ছয়টি গ্যাস বিতরণ কোম্পানি গত জানুয়ারিতে গড়ে ১১৭ শতাংশ দাম বাড়ানোর প্রস্তাব করেছিল। এতে এক চুলায় ২ হাজার ও দুই চুলায় ২ হাজার ১০০ টাকা করার দাবি করা হয়েছিল।

বিইআরসির চেয়ারম্যান আবদুল জলিল ২১ মার্চ শুনানিতে বলেছিলেন, বর্তমান পরিস্থিতিতে ১১৭ শতাংশ মূল্যবৃদ্ধির প্রস্তাব বাস্তবসম্মত নয়। দুর্বল তথ্যের ওপর ভিত্তি করে কোনো সিদ্ধান্ত দেওয়া হবে না। সবার আগে জনগণ।